



# Delhi Public School, Howrah

PA1 EXAMINATION (2024-2025)

Class- VIII

Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.

Subject:- BENGALI (3<sup>RD</sup> LANGUAGE)

Time:-1 Hour

F.M.-20

১) নীচের অংশটি পড়ো এবং প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে নিয়ে লেখ: (1x5=5)

প্রধানত মুক্তোর জন্যই মানুষকে সমুদ্রের তলায় নামতে হয়। মুক্তো কোনো প্রাণী নয়। সমুদ্রের একরকম ঝিনুকের মধ্যে এর জন্ম। সেই ঝিনুকের নাম শুক্তি। শুক্তির মধ্যে কী করে মুক্তো জন্মায় তা জানা দরকার। শুক্তির মুখ যখন খোলা থাকে তখন তার মধ্যে এক কণা বালি ঢুকে গেলে তার নরম শরীরে বড়ো কষ্ট হয়। তখন তার শরীর থেকে একরকম রস বেরিয়ে সেই বালির কণাকে ঢেকে দেয়। সেই রসটা শুকিয়ে মোলায়েম হয়ে গেলে তার শরীরে আর যন্ত্রণা হয় না। সেই বালির কণার ওপর গড়ে ওঠা ছোট্ট গোলাকার বস্তুটিই মুক্তো। মুক্তো যত বড়ো আর গোল হবে তত তার দাম। সাদা মুক্তোর চেয়ে গোলাপি বা নীল বা কালো মুক্তো কম দেখা যায় বলে তার দাম আরো বেশি। কালো মুক্তো প্রশান্ত মহাসাগরের কয়েক জায়গায় ক্কচিং পাওয়া যায়।

ক) মুক্তোর জন্য মানুষকে কোথায় নামতে হয়? ( কয়লাখনিতে/ গভীর খাদে/ সমুদ্রের তলায়)

খ) শুক্তি হল - ( মুক্তো / ঝিনুক / একরকম রস)

গ) মুক্তোর দাম কীসের উপর নির্ভর করে? ( রঙের উপর/ আকারের উপর/ ওজনের উপর)

ঘ) কালো রং-এর মুক্তো কোথায় পাওয়া যায়? (ভারত মহাসাগরে/ বঙ্গোপসাগরে /প্রশান্ত মহাসাগরে)

ঙ) 'ক্কচিং' শব্দটির বিপরীত শব্দ হল ( কখনো কখনো / প্রায়ই / সবসময় )

২) ছবি দেখে তোমার মনে যে ভাব ফুটে উঠছে তা ছয়টি বাক্যে লেখ:

(3)



৩) অনুচ্ছেদ রচনা করো: (৩০-৪০ টি শব্দে)

(2)

তোমার প্রিয় পশু

৪) একটি বাক্যে উত্তর দাও:

(1x4=4)

ক) 'প্রজাপতি' কবিতাটি কার লেখা?

খ) কারা বাচ্চা হাতিটাকে তুলে আনল?

গ) প্রজাপতির বৈশিষ্ট্য কী ?

ঘ) বাচ্চা হাতিটা খোঁড়াছিল কেন?

৫) মানে লেখো:

(0.5x4=2)

ক) শোভা

খ) আনন

গ) জরিপ

ঘ) খাদ

৬) এলোমেলো শব্দগুলি সাজিয়ে বাক্য গঠন করো:

(1x2=2)

ক) নিরীহ হত্যা নয় বনের কখনো করা জন্তু জানোয়ারদের উচিত।

খ) অনেক হাত হলে গাছ থেকে হবে গরমের বাঁচতে লাগাতে বেশি।

৭) নীচের প্রশ্নটির যথাযথ উত্তর দাও:

(2)

ক) ' ফুলের দলে প্রজাপতি,/ হাসির পরে হাসি।'- 'হাসির পরে হাসি' কথাটি বলে কবি আমাদের কি বোঝাতে চেয়েছেন?

অথবা

খ) 'বাবার বড়ো দুঃখ হল।'- কেন বাবার দুঃখ হল?